দৈনিক ইত্তেফাক

তারিখ: 28 APR 2013
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# ছাত্রদলের দুই নেতাকে গুমের অভিযোগ

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়তাবাদী ছাত্রদলের দুই নেতাকে গুম করা হয়েছে বলে অভিযোগ করেছেন তাদের পরিবারের সদস্যরা। নিখোঁজ ছাত্রদল নেতারা হলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এমবিএর ছাত্র মো. ওমর ফারুক ও হাবিবুল্লাহ বাহার ইউনিভার্সিটির বিবিএ দ্বিতীয় বর্ষের ছাত্র মো. মাহমুদুর রহমান খান। এরা উভয়েই ছাত্রদলের রাজনীতিতে সক্রিয়। পরিবারের সদস্যরা জানিয়েছেন, তাদের বিরুদ্ধে থানায় কোনো অভিযোগ নেই। কেবল রাজনীতির কারণেই তারা নিখোঁজ হয়েছেন। গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবে নিখোঁজ ছাত্রদল নেতা ওমর ফারুক ও মাহমুদুর রহমানের পরিবারদ্বয় এক সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ করেন।